বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল
নতুন বিমানবন্দর সড়ক, ফার্মগেট, ঢাকা- ১২১৫।

স্মারক নম্বর: ১২.২০.০০০০.০১৩.২৫.০০৫.১৮.৬৭

তারিখ: ১১ আষাঢ় ১৪৩০
২৫ জুন ২০২৩

বিষয়: সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা, ২০২২-২৩ এর 'সেবা প্রদান বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভা আয়োজন' সংক্রান্ত কার্যক্রম ২.২ এর আওতায় অনুষ্ঠিত সভার কার্যবিবরণী প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিলের ২০২২-২৩ অর্থবছরের সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনার কার্যক্রম ২.২ এর আওতায় সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে স্টেকহোল্ডারগণের (Stakeholders) সমন্বয়ে অবহিতকরণ ২য় সভা গত ১২ জুন ২০২৩ তারিখ অনলাইন ও অফলাইনে বিএআরসিতে অনুষ্ঠিত হয়।

উক্ত সভার কার্যবিবরণী সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

২৫-৬-২০২৩
ড. শেখ মোহাম্মদ বখতিয়ার
নির্বাহী চেয়ারম্যান
ফোন: +৮৮০২-৪১০২৫২৫২
ফ্যাক্স: +৮৮-০২-২২২২৪২৬৪৬
ইমেইল: ec.barc@barc.gov.bd

বিতরণ :
১) সদস্য পরিচালক এবং পরিচালক (সকল), বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল
২) সিটিজেন চার্টার পরিবীক্ষণ কমিটি, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল

স্মারক নম্বর: ১২.২০.০০০০.০১৩.২৫.০০৫.১৮.৬৭/১(৩)

তারিখ: ১১ আষাঢ় ১৪৩০
২৫ জুন ২০২৩

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:
১) যুগ্মসচিব, বাজেট ও মনিটরিং অধিশাখা, কৃষি মন্ত্রণালয়
২) উপসচিব , মনিটরিং ও রিপোর্টিং শাখা, কৃষি মন্ত্রণালয়
৩) পরিচালক, কম্পিউটার এন্ড জিআইএস ইউনিট, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল (ওয়েবসাইটে আপলোডের জন্য অনুরোধ করা হলো)।

২৫-৬-২০২৩
ড. শেখ মোহাম্মদ বখতিয়ার

# বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল
# নতুন বিমানবন্দর সড়ক, ফার্মগেট, ঢাকা-১২১৫

www.barc.gov.bd

সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা, ২০২২-২০২৩ এর আলোকে 'সেবা প্রদান বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ ২য় সভা' এর কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | ড. মোঃ ছায়ফুল্লাহ্, সদস্য পরিচালক (প্রশাসন ও অর্থ), বিএআরসি। |
| সভার তারিখ | ঃ | ১২ জুন ২০২৩ |
| সময় | ঃ | সকাল ০২.৩০ ঘটিকা। |
| স্থান · | ঃ | সভাকক্ষ-১, বিএআরসি এবং জুম প্লাটফর্ম। |
| উপস্থিতির তালিকা | ঃ | পরিশিষ্ট 'ক' |

সভাপতি সরাসরি অংশগ্রহণকারী ও অনলাইনে সংযুক্ত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর জনাব মোঃ আল মোবাচ্ছের হোসেন, প্রিন্সিপাল ট্রেনিং অফিসার ও বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা, সিটিজেন চার্টার, বিএআরসি সভাকে অবহিত করেন যে, মন্ত্রিপরিষদ বিভাগ নির্ধারিত দপ্তর/সংস্থার সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা, ২০২২-২০২৩-এর কার্যক্রম [২.২] অনুসারে 'সেবা প্রদান বিষয়ে স্টেকহোল্ডারগণের (Stekholder) সমন্বয়ে অবহিতকরণ সভা' আয়োজনের নির্দেশনা আছে। সে অনুসারে বিএআরসি প্রদত্ত নাগরিক, প্রাতিষ্ঠানিক ও অভ্যন্তরীণ সেবা সম্পর্কে স্টেকহোল্ডারদের অবহিত করার উদ্দেশ্যে ২য় সভার আয়োজন করছে।

২। সভাপতি উপস্থিত সকলকে সভার লক্ষ্য, উদ্দেশ্য ও গুরুত্ব সম্পর্কে অবহিত করেন। তিনি বলেন, সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) সরকারি দপ্তর/সংস্থার সেবা প্রদান প্রক্রিয়ায় স্বচ্ছতা ও শৃঙ্খলা আনয়ন করে। তাছাড়া, এর মাধ্যমে সেবা সংক্রান্ত তথ্য নাগরিকের নিকট সহজলভ্য হয়, সেবা কার্যক্রমে নাগরিকের অংশীদারিত্ব বৃদ্ধি এবং সরকারি কর্মকর্তা-কর্মচারীদের জবাবদিহিতা বৃদ্ধি করতে এটি গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে। বিএআরসি প্রদত্ত সেবা সম্পর্কে বিএআরসি এর অংশীজনদের সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে অবহিত হওয়া প্রয়োজন। এর ফলে কাউন্সিলের সেবা, সেবা প্রদানের সময়, নির্ধারিত ফি, সেবা প্রদান পদ্ধতি ইত্যাদি বিষয়ে অংশীজনদের স্বচ্ছ ধারণা তৈরী হবে। অতঃপর তিনি জনাব মোঃ আল মোবাচ্ছের হোসেন, প্রিন্সিপাল ট্রেনিং অফিসার ও বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা, সিটিজেন চার্টার, বিএআরসি কে বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল প্রদত্ত নাগরিক, প্রাতিষ্ঠানিক ও অভ্যন্তরীণ সেবা সম্পর্কে স্টেকহোল্ডারদের অবিহিত করার অনুরোধ জানান।

৩। বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা, সিটিজেন চার্টার, বিএআরসি জনাব মোঃ আল মোবাচ্ছের হোসেন বিএআরসি-এর সিটিজেন চার্টারভুক্ত নাগরিক, প্রাতিষ্ঠানিক ও অভ্যন্তরীণ সেবা এর আবেদন পদ্ধতি, দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, সেবা প্রদানের সময়সীমা ইত্যাদি বিষয় উপস্থাপন করেন। সার ও সার উৎপাদনের কাঁচামালের বিনির্দেশ নির্ধারণ প্রক্রিয়াকরণ; গ্রন্থাগার ও তথ্য সেবা; কৃষি প্রযুক্তি, কৃষি ক্ষেত্রে বিদ্যমান সমস্যা ও সম্ভাবনা সম্পর্কে পরামর্শ প্রদান ইত্যাদি নাগরিক সেবার বিষয়ে তিনি বিশদভাবে উপস্থাপন করেন।

৪। তিনি আরো বলেন, সরকারি যে কোন প্রতিষ্ঠান, উন্নয়ন সহযোগী সংস্থা, সেবাদানকারী প্রতিষ্ঠানের আওতাধীন অধিদপ্তর/সংস্থা/কার্যালয় এবং দাপ্তরিকভাবে সম্পৃক্ত দেশি/বিদেশি বেসরকারি প্রতিষ্ঠানসমূহকে প্রদত্ত সেবাকে প্রাতিষ্ঠানিক সেবা বলে। কাউন্সিলের প্রাতিষ্ঠানিক সেবাসমূহ যেমন: মন্ত্রণালয়/প্রতিষ্ঠান কর্তৃক যাচিত তথ্য/প্রতিবেদন প্রদান; সংসদীয় কমিটির জন্য প্রতিবেদন প্রণয়ন; পিএইচডি বৃত্তি ও গবেষণা অনুদান প্রদান, বিদেশ প্রশিক্ষণ, কম্পিউটার ল্যাব সুবিধা ও জুম সহায়তা প্রদান ইত্যাদি। এছাড়াও কাউন্সিলের সকল বিভাগ/ইউনিট/কেন্দ্র/শাখা এর কর্মরত কর্মকর্তা-কর্মচারীদের প্রদত্ত সেবাকে অভ্যন্তরীণ সেবা বলে। যেমনঃ সিপিএফ অগ্রিম/চুড়ান্ত মঞ্জুরী, কল্যাণ তহবিল, গোষ্ঠী বীমা, গ্রাচ্যুইটি, পিআরএল মঞ্জুর, ছুটি নগদায়ন ইত্যাদি।

৫। সভাপতি বলেন, কাউন্সিলের সেবা প্রদান প্রতিশ্রুতি ত্রৈমাসিক ভিত্তিতে হালনাগাদ করে বিএআরসি'র ওয়েবসাইটে আপলোড করা হয়। এখানে সেবা গ্রহীতাদের সেবা গ্রহণে সেবা প্রদান পদ্ধতি, সেবা প্রদানের সময়সীমা, সেবার মূল্য, দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা এবং সেবা প্রাপ্তি নিশ্চিতকরণ সংক্রান্ত তথ্য সুনির্দিষ্টভাবে বিবৃত করা রয়েছে।

৬। বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা বলেন, নির্ধারিত সময়ে সেবা প্রদান নিশ্চিতকরণে ত্রৈমাসিকভিত্তিতে সিটিজেন চার্টার পরিবীক্ষণ কমিটি গঠন করা হয়। সেবা প্রদান প্রতিশ্রুতি অনুযায়ী বিভাগ/ইউনিট/কেন্দ্র/শাখার মাধ্যমে সেবা প্রদান করা হচ্ছে কিনা তা পরিবীক্ষণ কমিটি কর্তৃক পরীক্ষা করা হয় ও কৃষি মন্ত্রণালয়ে ত্রৈমাসিক ভিত্তিতে প্রতিবেদন প্রেরণসহ বিএআরসি'র ওয়েবসাইটে আপলোড করা হয়। তিনি আরো বলেন, কাউন্সিলের সেবা প্রদান বিষয়ে সেবা গ্রহীতার কোন অভিযোগ থাকলে তা নিস্পত্তির জন্য পরিচালক (সাপোর্ট সার্ভিস)-কে অভিযোগ নিস্পত্তি (অনিক) কর্মকর্তা হিসেবে দায়িত্ব প্রদান করা হয়েছে।

৭। সভাপতি সভায় অংশগ্রহণকারীদের বিএআরসি এর প্রদত্ত প্রতিশ্রুত সেবা সম্পর্কে আলোচনা ও মতামতের আহবান জানান। সভায় বিএআরসি এর প্রদত্ত সেবা বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।

৭.১ সভায় বিএআরসি'র নাগরিক সেবা এর অর্ন্তভূক্ত সার ও সার জাতীয় দ্রব্যের বিনির্দেশ নির্ধারণ প্রক্রিয়ার উপর আলোচনা করা হয়। সভায় কাউন্সিলের প্রাকৃতিক সম্পদ ব্যবস্থাপনা (এনআরএম) বিভাগের সদস্য পরিচালক ও প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তাগণ অংশগ্রহণ করেন। উক্ত সেবার আওতায় ০৭ টি বেসরকারি সেবাগ্রহীতা প্রতিষ্ঠান (১) এসিআই এগ্রিবিজনেস লিমিটেড (২) কনপাস কর্পোরেশন (৩) বায়োপ্রোডাক্ট এন্ড অরগানিক লিমিটেড (৪) পায়েল অর্গানিক ফার্টিলাইজার লিমিটেড (৫) এগ্রিপ্লাস লিমিটেড (৬) করল ইন্টারন্যাশনাল লিমিটেড এর প্রতিনিধিগণ আলোচনায় অংশগ্রহণ করেন।

৭.২ এসিআই এগ্রিবিজনেস লিমিটেড কর্মকর্তা কৃষিবিদ জাহিদুল ইসলাম, কনপাস কর্পোরেশন লিমিটেডের সিইও জনাব মহিউদ্দিন আহমেদ এবং উপস্থিত অন্যান্য বেসরকারি প্রতিষ্ঠানের প্রতিনিধিবৃন্দ সার ও সার জাতীয় দ্রব্যের বিনির্দেশ নির্ধারণ প্রক্রিয়াকরণ সেবাটি সিটিজেন চার্টার অনুযায়ী সময়সীমার মধ্যে কম সময়ে সেবা প্রদানের মতামত প্রদান করেন।

৭.৩ এগ্রিপ্লাস লিমিটেডের সিইও সর্দার আলী মর্তুজা ও রায়হানুল আলম এবং অন্যান্য বেসরকারি প্রতিষ্ঠানের প্রতিনিধিবৃন্দ বিএআরসি এর কর্মকর্তাদের সহযোগী মনোভাব ও আন্তরিকতার ভূয়সী প্রশংসা করেন। পাশাপাশি অংশীজনদের নিয়ে এ ধরণের সভা আয়োজনের জন্য বিএআরসিকে ধন্যবাদ জানান।

৭.৪ কনপাস কর্পোরেশন লিমিটেডের সিইও জনাব মহিউদ্দিন আহমেদ বলেন যেহেতু সরকার অর্গানিক প্রোডাক্টের ব্যবহার বাড়ানোর ক্ষেত্রে গুরুত্ব দিচ্ছে তাই তিনি বায়ো-প্রডাক্ট ও অর্গানিক প্রডাক্টের ক্ষেত্রে প্রভিসনাল সার্টিফিকেট প্রদানের প্রস্তাব রাখেন যাতে চূড়ান্ত অনুমোদন প্রাপ্তির ক্ষেত্রে কিছুটা দেরি হলেও তারা উৎপাদন কার্যক্রম শুরু করতে পারেন।

৭.৫ ড. কুয়াশা মাহমুদ, পরিচালক (গবেষণা), ঈশ্বরদী, পাবনা বিএআরসি'র প্রতি আহ্বান জানান অন্যান্য প্রতিষ্ঠানের পদোন্নতি সংক্রান্ত সমস্যাগুলোর বিষয়ে নজর রাখার। সেই সাথে বিভন্ন সেবাসমূহ ডিজিটাইজেসনের বিষয়ে আরও উদ্যোগ নেবার আহ্বান জানান।

৮। সভাপতি সভায় উত্থাপিত বিষয়গুলো গুরুত্বের সাথে বিবেচনার আশ্বাস প্রদান করেন। তিনি বিশেষ করে সার ও সার জাতীয় দ্রব্যের বিনির্দেশ নির্ধারণ সেবার ক্ষেত্রে নার্সভুক্ত যে সকল সকল প্রতিষ্ঠানের ল্যাব সুবিধা আছে সে সকল প্রতিষ্ঠানে থেকে দ্রুততম সময়ে নমুনা পরীক্ষার জন্য এ সকল প্রতিষ্ঠানকে আহ্বান জানান। কৃষি মন্ত্রণালয়, যাচাই কমিটির সাথে যোগাযোগ রক্ষা করে বিনির্দেশ প্রক্রিয়া ত্বরান্বিতকরণে প্রাকৃতিক সম্পদ ব্যবস্থাপনা বিভাগ, বিএআরসি-কে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণের আহ্বান জানান। তিনি আরও বলেন, এ সেবাটির সেবা প্রদানের সময়সীমা ২৬১ দিন থেকে কমিয়ে আনার জন্য বিভিন্ন পর্যায়ে আলোচনা করা হচ্ছে কিন্তু কিছু কিছু ধাপ কোনভাবেই পরিহার করা সম্ভব নয়। কারণ সেক্ষেত্রে পরিবেশ ও নিরাপদ খাদ্য উৎপাদন ঝুঁকির সম্মুখীন হতে পারে। তবে তিনি যতদ্রুততম সময়ে এ সকল প্রক্রিয়া শেষ করে সেবাটি দেয়া যায় সে বিষয়ে সংশ্লিষ্টদের আহ্বান জানান।

০৯। সিদ্ধান্ত: সভায় সর্বসম্মতিক্রমে নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রম. | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী বিভাগ/ইউনিট/কেন্দ্র/শাখা |
|---|---|---|
| ০৯.১ | সার ও সার জাতীয় দ্রব্যের বিনির্দেশ নির্ধারণ প্রক্রিয়া ত্বরান্বিকরণ বিষয়ে ব্যবস্থা গ্রহণ; | প্রাকৃতিক সম্পদ ব্যবস্থাপনা বিভাগ, বিএআরসি |
| ০৯.২ | কৃষি পরামর্শ সেবা প্রদান চলমান রাখা; | সকল কারিগরি বিভাগ/ইউনিট/কেন্দ্র, বিএআরসি |

| ক্রম. | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী বিভাগ/ইউনিট/কেন্দ্র/শাখা |
|---|---|---|
| ০৯.৩ | গ্রন্থাগার ও তথ্য সেবা প্রদান অব্যাহত রাখা; | কৃষি তথ্য কেন্দ্র, বিএআরসি |
| ০৯.৪ | সেবা প্রদান প্রতিশ্রুতি অনুযায়ী প্রাতিষ্ঠানিক সেবা প্রদান বিষয়ে ব্যবস্থা গ্রহণ; | বিএআরসি এর সকল বিভাগ/ইউনিটের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা |
| ০৯.৫ | সহজিকরণকৃত সেবাসমূহ জিও অনুযায়ী সেবা প্রদান প্রতিশ্রুতিতে হালনাগাদ করা; | বিএআরসি এর সকল বিভাগ/ইউনিটের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা |
| ০৯.৬ | সেবা প্রদান প্রতিশ্রুতি অনুযায়ী অভ্যন্তরীণ সেবা প্রদান নিশ্চিত করা; | প্রশাসন ও অর্থ বিভাগ, বিএআরসি |
| ০৯.৭ | সভার সিদ্ধান্ত/সুপারিশ যথাসময়ে বাস্তবায়ন করা; | সকল বিভাগ/ ইউনিট, বিএআরসি |

২২/০৬/২০২৫

(ড. মোঃ ছায়ফুল্লাহ)
সদস্য পরিচালক (প্রশাসন ও অর্থ) বিএআরসি।